21

দৈনিক সংবাদ

তারিখ 16 JAN 1996

পৃষ্ঠা ১ কলাম ২

ঢাকা বইমেলা শেষ হল

# তিন কোটি টাকার বই বিক্রি ।। ২শ' নতুন বই প্রকাশ

(সাংস্কৃতিক বার্তা পরিবেশক)

আনন্দঘন অনুষ্ঠানের মধ্য দিয়ে গতকাল সোমবার রাতে পক্ষকালব্যাপী ঢাকা বইমেলা শেষ হয়েছে। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সংস্কৃতি মন্ত্রণালয়ের যুগ্মসচিব জিয়াউল ইসলাম চৌধুরী। অনুষ্ঠানে বক্তৃতা করেন গ্রন্থকেন্দ্রের পরিচালক ওসমান গনি।

বইমেলা ঃ পৃঃ ৮ কঃ ৬

## বইমেলা ঃ শেষ হল

(১ম পৃষ্ঠার পর)

পরে সাংবাদিকদের সাথে আলোচনা–কালে জিয়াউল ইসলাম চৌধুরী জানান, এবারের বইমেলায় গত ১৫ দিনে প্রায় পৌনে দুই লাখ দর্শক মেলা পরিদর্শন করেছেন। বই বিক্রি হয়েছে প্রায় ৩ কোটি টাকার। আর নতুন বই প্রকাশিত হয়েছে দু'শ'। স্টল সজ্জার জন্য প্রথম পুরস্কার পেয়েছে সময় প্রকাশনী ও ব্র্যাক, ২য় হয়েছে আগামী ও নারীগ্রন্থ প্রবর্তনা, ৩য় হয়েছে মাওলা ব্রাদার্স ও ইরানী প্যাভেলিয়ন।

জানা গেছে, মেলায় সবচেয়ে বেশি বিক্রি হয়েছে হুমায়ূন আহমেদের উপন্যাস 'কবি' এবং শামসুর রাহমানের কবিতাগ্রন্থ 'মানব হৃদয়ে নৈবেদ্য সাজাই'। 'কবি' প্রকাশ করেছে কাকলী প্রকাশনী। 'মানব হৃদয়ে নৈবেদ্য সাজাই' প্রকাশ করেছে সন্ধানী প্রকাশনী।

এবারের বইমেলায় ৫টি দেশের স্টলসহ দেশী–বিদেশী ১২৪টি স্টল ছিল।

আলোচনা প্রসঙ্গে সংস্কৃতি মন্ত্রণালয়ের যুগ্মসচিব জানান, ঢাকা বইমেলা প্রতিবছর ১৫ই ডিসেম্বর শুরু হয়ে ১লা জানুয়ারি গ্রন্থ দিবস পর্যন্ত অনুষ্ঠিত হলে এর দর্শক সংখ্যা ও বই বিক্রি আরো বাড়বে বলে প্রকাশকরা অভিমত দিয়েছেন। তিনি বলেন, বিজয় দিবসের উৎসবের সাথে বইমেলা যুক্ত করলে এর গ্রহণযোগ্যতা অনেক বেড়ে যাবে।